# উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির এপ্রিল,২০২৫ মাসের সভার কার্য বিবরনীঃ

সভাপতি ঃ মোঃ কামরুজ্জামান সরকার
স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স কক্ষ,খানসামা,দিনাজপুর ।
তারিখ ঃ ২৩/০৪/২০২৫খ্রি ঃ
সময় ঃ সকাল ১১.০০ টা

সভায় উপস্থিত সদস্যগনের নাম,পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃনং | নাম ও পদবী | সভার পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ কামরুজ্জামান সরকার<br>উপজেলা নির্বাহী অফিসার, খানসামা,দিনাজপুর | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | জনাব মোঃ রিয়াজুল ইসলাম<br>চেয়ারম্যান,২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ,খানসামা, দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মোঃ আবু বকর সিদ্দীক চৌধুরী<br>চেয়ারম্যান ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ,খানসামা,দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মোঃ রবিউল ইসলাম তুহিন<br>চেয়ারম্যান ৫নং ভাবকি ইউনিয়ন পরিষদ,খানসামা দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | জনাব মোঃ আনিছুর রহমান,প্রধান শিক্ষক(অবসর প্রাপ্ত)<br>হাশিমপুর আওকড়া মসজিদ উচ্চ বিদ্যালয় | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | জনাব জনাব একেএম শামসুজ্জামান<br>গ্রামঃসুবর্ণখুলী ,খানসামা, দিনাজপুর | সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | জনাব মোঃ মনজুরুল হক<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,খানসামা,দিনাজপুর | সদস্য সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয়ঃ

১। শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতি নিশ্চিতকরণ ।

২। মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা ও কম্পিউটার ল্যাবের ব্যবহার নিশ্চিতকরন ।

৩। শিক্ষা প্রতিষ্ঠান ,শ্রেণি কক্ষ ও ওয়াশরুম পরিস্কার -পরিচ্ছন্ন রাখা ।

৪। বিবিধ ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন । অতপর আলোচ্য সুচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি সম্মানিত সদস্য সচিবকে অনুরোধ জানান । সভার প্রারম্ভে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মোঃ মনজুরুল হক জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে ।

১নং আলোচনা ঃ তিনি সভায় জানান বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতি কম । এতে শিক্ষার্থীরা পাঠগ্রহন হতে বঞ্চিত হচ্ছে । অপরদিকে শিক্ষকরা পাঠদানে স্বাচ্ছন্দ পাচ্ছে না ।

২নং আলোচনা ঃ তিনি সভায় জানান অনেক গুলো শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া সামগ্রী থাকা সত্বেও বেশির ভাগ শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া পাঠদান হচ্ছে না । কম্পিউটার ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান গুলো যথাযথভাবে ল্যাবের ব্যবহার করছে না ।

৩নং আলোচনা ঃ শিক্ষা প্রতিষ্ঠান গুলোর প্রাঙ্গন, শ্রেণি কক্ষ ও ওয়াশরুম অনেক সময় অপরিস্কার পরিলক্ষিত হয় । এতে প্রতিষ্ঠানে পাঠদানের পরিবেশ ব্যহত হয় এবং শিক্ষা প্রতিষ্ঠানকে অনাকর্ষনীয় মনে হয় । উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন এবং সকলকে পরিছন্নতার বিষয়ে মতামত দেন ।

সিদ্ধান্ত ঃ

১নং সিদ্ধান্ত ঃ প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানের অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা প্রস্তত পুর্বক শেণি শিক্ষকগণের নেতৃত্বে বিষয় শিক্ষকগণ শিক্ষার্থীদের অভিভাবকগণের সাথে যোগাযোগ করে শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত নিশ্চিত করবেন । প্রয়োজনে শিক্ষকবৃন্দ "হোম ভিজিট" করবেন ।

২নং সিদ্ধান্ত ঃ মাল্টিমিডিয়া প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান গুলো যাতে মাল্টিমিডিয়া পাঠদান নিশ্চিত করে সে বিষয়ে নির্দেশনা প্রদান এবং ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান গুলোকে ল্যাবের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করনের নির্দেশনা প্রদান করতে হবে ।

৩নং সিদ্ধান্ত ঃ বর্তমানে প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে ৪/৫ জন ৪র্থ শ্রেণির কর্মচারী রয়েছে । বিধায় শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাম্পাস,শ্রেণি কক্ষ,লাইব্রেরী অফিস কক্ষসহ অন্যান্য কক্ষ এবং ওয়াশরুম পরিস্কার রাখার বিষয়ে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো ।

সভাপতি মহোদয় বলেন যে, শিক্ষা প্রতিষ্ঠান গুলো পরিদর্শন ও মনিটরিং জোরদার করতে হবে ।শিক্ষকদের যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করতে হবে । এসেম্বলী ও জাতীয় সংগীত পরিবেশন নিশ্চিত করতে হবে । এছাড়াও শিক্ষার্থীদের পাঠদানের সম্মানিত শিক্ষকগণকে আরও দায়িত্বশীল হতে হবে ।

পরিশেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ধোষনা করেন ।

২৪/০৪/২৫

( মোঃ কামরুজ্জামান সরকার )
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ও
উপাজেলা নির্বাহী অফিসার
খানসামা,দিনাজপুর ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর ।

স্মারক নং-উমাশিকা/খান/দিনাজ/জেশিঅ/২৬/২০২৫/৪০৯ তারিখ: ২৪/০৪/২০২৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১ । উপজেলা নির্বহী অফিসার ,খানসামা,দিনাজপুর ।

২। জনাব.............................................................. খানসামা,দিনাজপুর ।

৩। অফিস নথি ।

২৪/০৪/২৫

( মোঃ মনজুরুল হক )
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ও
উপাজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
খানসামা,দিনাজপুর